

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫০.২৭.০৬৪.১৯- ৪০০

তারিখঃ ০৬.০৭.২০১৯

বিষয়ঃ ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭), এ্যানেসথেসিওলজিষ্ট, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭), এ্যানেসথেসিওলজিষ্ট, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া পারিবারিক কারণে গত ২৮/০২/২০১৯ হতে ২৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত ৬০ দিন অর্জিত ছুটির আবেদন প্রেরণ করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব
(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ)

ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭)

এ্যানেসথেসিওলজিষ্ট

শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া।


(স্থায়ী ঠিকানাঃ গ্রাম+পোঃ+থানাঃ ভাড়াশ, জেলাঃ সিরাজগঞ্জ)।

নং- ৪৫.০০.০০০০.১৫০.২৭.০৬৪.১৯- ৪০০/১(৬)

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ


তারিখঃ ০৬.০৭.২০১৯

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীর প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। পরিচালক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম)
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। অফিস কপি।


মোঃ আবিদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ সম্পদ কুমার দত্ত (১৩০৫৪৭), এ্যানেসথেসিওলজিষ্ট, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া পারিবারিক কারণে গত ২৮/০২/২০১৯ হতে ২৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত ৬০ দিন অর্জিত ছুটির আবেদন প্রেরণ করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।



(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব

(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ)